

নির্ধারিত প্রকৌশলী কার্যালয় গণপূর্ত ই/অন্য একে আই এস বি/ক/গ-২, ঢাকা।			
তারিখ নং- ২৫৬৬	তারিখঃ- ২২/১১/২০	প্রাপ্তকারীঃ- [Signature]	
সং. নং:	সং. নং:	উ. বি. নং:	উ. বি. নং:
			৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



জরুরি

সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৪৬.১৮.৯৪৮

তারিখ: ২২ কার্তিক ১৪৩০

০৭ নভেম্বর ২০২০

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড এর অর্থায়নে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নানধীন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের আওতায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অফিস কক্ষ ও তৎসংলগ্ন সভাকক্ষ এবং মন্ত্রণালয়ের মূল সম্মেলন কক্ষের ইনটেরিয়র ডিজাইন এ সংস্কার কাজসমূহ বাস্তবায়নের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: উপ-সচিব ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/২৩১ তারিখঃ-০৫/১০/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে খরচ করার জন্য ৭২,০৩,৪৭০/- (বাহাত্তর লক্ষ তিন হাজার চারশত সত্তর) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উপ-সচিব ও প্রকল্প পরিচালক, পরিবেশ-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক চেকের মাধ্যমে ৭২,০৩,৪৭০/- টাকা গণপূর্ত অধিদপ্তরের নিকট ন্যস্ত করেছেন। যার চেক নং-এসটিএ ২৯৮৮৭৪০ তারিখঃ-০৫/১০/২০২০খ্রিঃ, অগ্রনী ব্যাংক লিমিটেড, জাতীয় প্রেস ক্লাব শাখা, ঢাকা পশ্চিম জোন, ঢাকা। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত চেকটি প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

০১। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক কাজ সম্পাদন করতে হবে।

০২। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।

০৩। বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব বিবরণী এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।

০৪। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তিঃ-চেক নং-এসটিএ ২৯৮৮৭৪০ তারিখঃ-০৫/১০/২০২০খ্রিঃ, অগ্রনী ব্যাংক লিমিটেড,

জাতীয় প্রেস ক্লাব শাখা, ঢাকা পশ্চিম জোন, ঢাকা।

টাকার পরিমাণঃ-৭২,০৩,৪৭০/-।

[Signature]

৭-১১-২০২০

মোঃ সাখাওয়াৎ হোসেন